

বিজনেস স্টাডিজ অনুষদ ও আইবিএ

ইউনিট-বি

রাজশাহী বিশ্ববিদ্যালয়

মেমো নং-৮২/বি. স্টা./বিবিএ প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা-২০২৩-২৪/৩৪

তারিখ : ১৩/০৩/২০২৪

ভর্তি পরীক্ষার ফলাফল বিজ্ঞপ্তি

বিজনেস স্টাডিজ অনুষদ ও আইবিএ (ইউনিট-বি) বিবিএ প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা ২০২৩-২০২৪ এর ফলাফল প্রাথমিকভাবে বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে প্রকাশ করা হলো। ভর্তিচ্ছু শিক্ষার্থীরা <https://application.ru.ac.bd> ওয়েবসাইটে লগ-ইন করে নিজ নিজ ফলাফল দেখতে পারবে।

উত্তীর্ণ পরীক্ষার্থীদের আগামী ২৫/০৪/২০২৪ থেকে ০৪/০৫/২০২৪ তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (admission.ru.ac.bd) পছন্দক্রম (Subject Choice Form) পূরণ করতে হবে। কোন ভর্তিচ্ছু নির্ধারিত সময়ের মধ্যে পছন্দক্রম পূরণ করতে না পারলে ইউনিট-বি তে তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং ইউনিট-বি এর কোন বিভাগে তার আর কোন ভর্তির সুযোগ থাকবে না। ইউনিট-বি এর অধিভুক্ত বিভাগসমূহ ও IBA তে ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ভর্তি ফি Online সার্ভিস চার্জসহ Online এর মাধ্যমে প্রদান করতে হবে। তবে উল্লেখ্য যে, IBA তে ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি এর সাথে প্রতি সেমিস্টারে অতিরিক্ত ফি প্রযোজ্য হবে, যা IBA অফিসের মাধ্যমে পরবর্তিতে জমা দিতে হবে। উল্লেখ্য যে, IBA এর জন্য প্রযোজ্য ফি IBA ওয়েব সাইট (www.iba-ru.ac.bd) থেকে জানা যাবে। কোটায় আবেদনকারী পরীক্ষার্থী যারা ভর্তি পরীক্ষায় ন্যূনতম মোট ৪০ নম্বর পেয়েছে, তাদেরকেও Subject Choice Form পূরণ করতে হবে।

পছন্দক্রম পূরণকারী ভর্তিচ্ছুদের মধ্যে মেধাক্রমানুসারে প্রথম মেধা তালিকা ০৭/০৫/২০২৪ তারিখে বিশ্ববিদ্যালয় ভর্তি ওয়েবসাইটে (admission.ru.ac.bd) প্রকাশিত হবে। প্রথম নির্বাচন তালিকায় নির্বাচিতদের সাক্ষাৎকার ১২/০৫/২০২৪ ও ১৩/০৫/২০২৪ তারিখ অফিস সময়ে সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত গ্রহণ করা হবে। ছাত্র/ছাত্রীদের উক্ত তারিখে সকাল ৯টায় রবীন্দ্রনাথ ঠাকুর একাডেমিক ভবনের শিক্ষক লাউঞ্জে (২০৮ নং কক্ষ) উপস্থিত হয়ে সাক্ষাৎকার প্রদানের নির্ধারিত স্থান সম্পর্কে অবহিত হতে হবে। সাক্ষাৎকারে সনদপত্র ও প্রকৃত পরীক্ষার্থী যাচাই সন্তোষজনক হওয়া সাপেক্ষে পরীক্ষার্থী ঐ দিন অর্থাৎ ১২/০৫/২০২৪ তারিখ হতেই তার ভর্তি কার্যক্রম শুরু করতে পারবে। এখানে উল্লেখ্য যে, ভর্তি কার্যক্রম ১২/০৫/২০২৪ তারিখ হতে ২০/০৫/২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। নির্ধারিত তারিখের পর ভর্তির আর কোন সুযোগ থাকবে না। আসন ফাঁকা থাকা সাপেক্ষে ভর্তির জন্য পরবর্তী তালিকা বিশ্ববিদ্যালয় ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

মুক্তিযোদ্ধা ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় ভর্তি সংক্রান্ত সাক্ষাৎকার রাজশাহী বিশ্ববিদ্যালয় ছাত্র উপদেষ্টার দপ্তর এবং শারীরিক প্রতিবন্ধী কোটায় ভর্তি সংক্রান্ত সাক্ষাৎকার প্রধান চিকিৎসক, রাজশাহী বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টার দপ্তরে অনুষ্ঠিত হবে। এ বিষয়ে উক্ত দপ্তর দুটি হতে যথাসময়ে বিজ্ঞপ্তি admission.ru.ac.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে। ইউনিট-বি এর পোষ্য কোটায় ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি ও ফলাফল প্রথম মেধা তালিকার সংগে প্রকাশ করা হবে।

(ক) সাক্ষাৎকারের সময় প্রার্থীকে নিম্নে উল্লিখিত কাগজপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে :-

- (১) পরীক্ষার কক্ষে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত প্রবেশপত্র।
- (২) Subject Choice Form এর প্রিন্ট কপি।
- (৩) এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষার মূল সার্টিফিকেট (যদি থাকে) অথবা মূল মার্কশীট।
- (৪) এইচ.এস.সি. মূল রেজিস্ট্রেশন কার্ড।

(খ) নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন না করলে ভর্তির যোগ্যতা বাতিল বলে গণ্য হবে।

(গ) ক্লাশ শুরুর তারিখ ০১/০৭/২০২৪।

প্রকাশিত ফলাফলে কোন ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা যথাযথ (ইউনিট-বি) কর্তৃপক্ষ সংরক্ষণ করে।



১৩.০৩.২০২৪

(প্রফেসর ড. আবু সাদেক মো. কামরুলজামান)

চীফ কো-অর্ডিনেটর, ইউনিট-বি

বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা-২০২৩-২৪

ও

অধিকর্তা, বিজনেস স্টাডিজ অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।